

২৬ পৌষ ১৪৩০

২০ জানুয়ারি ২০২৪

২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১৭১.২৪. ২৬৯

পুনঃ দরপত্র আহ্বানকাজের বর্ণনা ও শর্তাবলী।

১। বিএন ডকইয়ার্ড ফ্রিজ শপ এর তত্ত্বাবধানে বানৌজা সমুদ্র অভিযান এর নিম্নে বর্ণিত কাজের জন্য যোগ্য ও উপযুক্ত সংস্থা/ প্রতিষ্ঠান সমূহের নিকট হতে পুনঃ দরপত্র আহ্বান করা যাচ্ছে :

a. **Work Description.** 02 in nos AC Compressor (FWD AC Plant 2A & 2B) performance poor. Suspected condenser tube leaky.

b. **Work to be done.** FWD AC Plant condensers to be checked by nitrogen pressure, all tubes are to be replced with new tube and AC plant to be tested on board on load. Total tube 52, Material: Cu-Ni with microfins, L-5 feet, Outer Dia - 19 mm and Inner dia-16 mm (each).

২। **Repair/ Renew কাজ সংক্রান্ত বিবরণ।** উক্ত কাজে কোন মালামাল সরবরাহের প্রয়োজন হলে উহার প্রকৃত উৎস উল্লেখ করতে হবে। স্থানীয়ভাবে মেরামতের ক্ষেত্রে স্থানীয় দক্ষতা ও অভিজ্ঞতা সম্পর্কে বিস্তারিত বিবরণ দিতে হবে। প্রয়োজনে বড় কোন অভিজ্ঞ ও নামকরা ব্যক্তি/ প্রতিষ্ঠানের সাহায্য নেওয়া প্রয়োজন হলে তা প্রস্তাবিত দরপত্রে উল্লেখ করতে হবে এবং দরপ্রস্তাবের সাথে Cu-Ni tube with microfins স্যাম্পল হিসেবে প্রদান করতে হবে।

৩। **যন্ত্রপাতি/ যন্ত্রাংশ/ আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ।** উক্ত কাজের প্রকৃত অবস্থা নির্ণয়ের জন্য দরদাতাগণ সংশ্লিষ্ট আইটেম সরেজমিনে পর্যবেক্ষণ করে পূর্ণাঙ্গ প্রস্তাবনাসহ দরপত্র দাখিল করবেন। অতিরিক্ত কোন যন্ত্রাংশের প্রয়োজন হলে নিজ খরচে তা প্রদান করে বর্ণিত কাজ সম্পাদন করতে হবে।

৪। **মেরামত সংক্রান্ত নির্দেশাবলী।** উক্ত কাজটি নৌবাহিনীর চাহিদা/বিনির্দেশ মোতাবেক হতে হবে। উক্ত কাজে আসল, নতুন এবং উপযুক্ত Cu-Ni Tube with microfins surface ব্যবহার করতে হবে। কার্যাদেশ প্রাপ্তির পর Cu-Ni Tube with microfins surface সমূহ পরিদর্শনের জন্য উপস্থাপন করতে হবে। এছাড়াও বিএন ডকইয়ার্ড ফ্রিজ শপ এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি কর্তৃক নিয়োগকৃত প্রতিনিধি এর উপস্থিতিতে মেরামত কার্য সম্পাদন করতে হবে।

৫। **তত্ত্বাবধায়ক শপ/ ঘাঁটি/ জাহাজ।** উক্ত কাজ বিএন ডকইয়ার্ড ফ্রিজ শপ এবং সংশ্লিষ্ট জাহাজ/ঘাঁটি এর সার্বিক তত্ত্বাবধানে সম্পাদন করতে হবে।

৬। **জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা।** উক্ত কাজ সম্পাদনের সময় নিজস্ব সকল জনবলের শৃঙ্খলা ও নিরাপত্তা মেরামতকারী প্রতিষ্ঠান নিশ্চিত করবে।

৭। **কার্য সম্পন্নের সময়সীমা।** কার্যাদেশ গ্রহণের ৩০ দিনের মধ্যে উক্ত কাজ সম্পাদন করতে হবে (বানৌজা সমুদ্র অভিযান কার্যচাচন নং ১৬৫২২৩০০০৪২ তারিখ ২৩ আগস্ট ২০২৩ ও ১৬৫২২৩০০০৫৩ তারিখ ২৬ সেপ্টেম্বর ২০২৩)।

৮। **ওয়ারেন্টি।** দরদাতাকে মেরামত কাজ শেষে সংশ্লিষ্ট জাহাজ/ ঘাঁটি কর্তৃক গ্রহণযোগ্যতা/ Acceptance প্রদানের পর হতে ১ বছর ওয়ারেন্টি প্রদান করতে হবে। ওয়ারেন্টিকালীন দরপত্রে উল্লিখিত কাজের কোন ত্রুটি দেখা দিলে দরদাতা প্রয়োজনীয় খুচরা যন্ত্রাংশসহ নিজ খরচে মেরামত কাজ এর টেষ্ট/ট্রায়াল সম্পাদন করবে।

৯। **বিলম্ব জরিমানা।** বর্ণিত কাজগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে না পারলে প্রতি মাসে সর্বনিম্ন ১%-২% হারে বিলম্বিত সময়ের জন্য কার্যাদেশের মোট মূল্যের সর্বোচ্চ ১০% Liquidated Damage (LD) হিসেবে কর্তৃপক্ষ কর্তন করতে পারবে।

১০। **গ্রহণযোগ্য সনদপত্র ও বিল প্রদান।** কাজ সমাপ্তির পর গ্রহণযোগ্য সনদপত্র এবং বিধি মোতাবেক অন্যান্য সকল নথিপত্রসহ যথাযথ বিল (চার সেট) সিএসডি বরাবরে পেশ করা হলে সিএসডি/ এএফসি (নৌ), চট্টগ্রাম কর্তৃক মূল্য পরিশোধ করা হবে।

১১। বিএন ডকইয়ার্ড গার্ড রুমে রক্ষিত টেন্ডার বক্সে আগামী ১৬ জানুয়ারি ২০২৪, ১২০০ ঘটিকার পূর্বে দরপত্র জমা দিতে হবে।

১২। আগামী ১৬ জানুয়ারি ২০২৪, ১২৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে টেন্ডার বাক্স খোলা হবে।

১৩। দরপত্র কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড, নিউমুরিং, চট্টগ্রাম এর বরাবর দাখিল করতে হবে।

সীমিত

- ১৪। দরদাতা কর্তৃক প্রস্তাবিত দরমূল্যের মধ্যে ভ্যাট, ট্যাক্স অন্তর্ভুক্ত করে দরপত্র দাখিল করবে।
- ১৫। দরপত্র টেন্ডার বাক্সে ফেলার পূর্বে অবশ্যই খাম এবং গাম দ্বারা বন্ধ পূর্বক নিজস্ব প্রতিষ্ঠানের সীল মোহর যুক্ত হতে হবে। অন্যথায় তা বাতিল বলে গণ্য হবে।
- ১৬। দরপত্র দাখিল করে দরপত্র খোলার পর বাতিল বা প্রত্যাহারের আবেদন করা হলে তা গ্রহণযোগ্য হবে না। কার্যাদেশ প্রদানের পর কাজে অপারগতা প্রকাশ করলে মোট মূল্যের উপর ৫% জরিমানা আরোপ করা হবে।
- ১৭। উক্ত কাজের জন্য প্রয়োজনীয় মালামাল সমূহ বিদেশ হতে আমদানীর প্রয়োজন হলে ভ্যাট এবং ট্যাক্স ব্যতিত বাংলাদেশ নৌ বাহিনীকে কনসাইনি করে আমদানী করতে হবে।
- ১৮। উক্ত দরপত্রে সিএসডি সংস্থায় তালিকা বর্হিভূত যোগ্য সরবরাহকারীগণ দরপত্রে উদ্ধৃত মূল্যের ৫% (অনধিক টাকা ০১ লক্ষ মাত্র) অর্থ জামানত হিসাবে পে-অর্ডারের মাধ্যমে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড বরাবর প্রদান করতঃ দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।
- ১৯। দরপত্র সংক্রান্ত কোন বিষয় বোধগম্য না হলে অত্র সংস্থার প্ল্যানিং এন্ড এন্টিমেটিং ডিপার্টমেন্টের আউট সাইড এজেন্সি এর কার্যালয়ে যোগাযোগ করা যেতে পারে।
- ২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল/গ্রহণ ও অন্য কোন প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করার পূর্ণ ক্ষমতা রাখে।
- ২১। সিএসডি দরপত্র নং ২৩.০২.১৫২৮.৫০১.৫৩.১৭১.২৩.৩২৪৫ তারিখ ১৪ ডিসেম্বর ২০২৩ বাতিল করা হলো।

Motaher

মোঃ মোতাহের হোসেন
পরিসংখ্যান অফিসার (সিএসও-৩)
পক্ষে কমডোর সুপারিনটেনডেন্ট ডকইয়ার্ড

বিতরণঃ

অন্তঃ

কার্যঃ

প্রেসিডেন্ট টেন্ডার মূল্যায়ন কমিটি, সিএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা

- ওয়েব সাইটে (www.csd.navy.mil.bd) প্রকাশের অনুরোধসহ

আইটি সেকশন, সিএসডি সংস্থা

ভারপ্রাপ্ত কর্মকর্তা, আউটসাইড এজেন্সি

- নোটিশ বোর্ডে দরপত্রটি বুলানোর অনুরোধসহ